উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, লৌহজং, **মুন্সীগঞ্জের কর্মসম্পাদনের সার্বিক চিত্র**
( Overview of the Performance of the Department of Women Affairs, Louhajang, Munshiganj )

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের ( ৩ বছর) প্রধান অর্জন সমূহ:

বিশ্বায়নের এ যুগে প্রগতিশীল সমাজ গড়ে তোলার লক্ষ্যে নারীর অধিকার, ক্ষমতায়ন ও কর্মবান্ধব পরিবেশ সৃষ্টি অত্যাবশ্যক। মহিলা বিষয়ক অধিদপ্তর রাষ্ট্র ও সমাজের মূল স্রোতধারায় নারী উন্নয়ন ও অধিকার প্রতিষ্ঠায় কাজ করে যাচ্ছে। গত ৩ বছরে মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলায় ভিজিডি কার্যক্রমের মাধ্যমে ৪১১৯ জন দরিদ্র মহিলাকে ১৪৮২.৮৪ মে:টন খাদ্য সহায়তা দেয়া হয়েছে। ৫৩৯০ জন নারীকে মাসিক ৮০০ টাকা হারে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে। ১০০ জন নারীকে ১২,৩০,০০০/- ( বার লক্ষ ত্রিশ হাজার) টাকা ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। ১৯২০ জন নারীকে আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৫০ জন উদ্যোক্তা নারীকে জয়িতা মুন্সীগঞ্জ কর্মসূচির আওতায় প্রশিক্ষণ দেয়া হয়েছে। সাহায্য প্রার্থী মহিলাদের আইনি সহায়তা দেয়া হয়েছে। "জয়িতা অন্বেষণে" প্রতিযোগিতার মাধ্যমে প্রতিকূলতাকে অতিক্রম করে যে সমস্ত নারীরা সমাজের বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠা লাভ করেছেন তাদের মধ্য থেকে এ উপজেলায় ৫টি ক্যাটাগরীতে ৫ জন করে মোট ১৫ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করার মাধ্যমে নারীদেরকে সামনে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে উদ্বুদ্ধ করা হয়েছে। উদ্যোমী ও আগ্রহী নারীদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য সহায়তা প্রদান করা হয়েছে। আত্মনির্ভরশীল করার লক্ষে দরিদ্র মহিলাদের মধ্যে ১৯ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। উপজেলা হতে বাল্যবিবাহ নিরোধে বিভিন্ন শ্রেণী পেশার জনগণকে নিয়ে সচেতনতা মূলক সভা সমাবেশ, সেমিনার আয়োজন করা হয়েছে। ১৮ বছরের নীচে মেয়েদের বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়ন কল্পে জাতীয় কর্মপরিকল্পনা-২০১৩ অনুযায়ী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

লৌহজং উপজেলায় ছেলেদের মধ্যে প্রবাসে যাওয়ার প্রবনতা বেশি থাকায় বাল্যবিবাহ দেওয়ার প্রবনতা বেশি, লক্ষ্যভূক্ত সকল দুঃস্থ নারীকে প্রোগ্রামের অন্তর্ভূক্ত করতে না পারা, নারীর প্রতি সহিংসতা, কর্মকর্তা/কর্মচারীদের যুগোপযোগী প্রশিক্ষণের অভাব এবং মাঠ পর্যায়ে দক্ষ জনবলের অপ্রতুলতা, দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য কোন সরকারী যানবাহন না থাকা অন্যতম প্রধান সমস্যা। প্রকৃত উপকারভোগী বাছাই এবং নারী উন্নয়নে বিভিন্ন দপ্তরের কার্যক্রম সমন্বয় সাধন ও সহায়তা প্রদান উপজেলা পর্যায়ে অন্যতম চ্যালেঞ্জ। কোভিড-১৯ মহামারির কারণে কিছু কিছু সূচকের লক্ষমাত্রা অর্জন করা অসম্ভব হয়ে পড়েছে।

**ভবিষ্যত পরিকল্পণা:**

বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি এবং নির্বাচনী ইশতেহার সর্বোপরি "মুজিববর্ষ" বিবেচনায় রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মুন্সীগঞ্জ জেলার ভবিষ্যত পরিকল্পনার মধ্যে রয়েছে:-

(১) বাল্যবিবাহ প্রতিরোধে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।
(২) নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
(৩) বৃত্তিমূলক ও কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্বনির্ভর করা।
(৪) মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন বাস্তবায়িত সকল সেবার ডাটাবেইজ তৈরি।
(৫) অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনসম্পদে রূপান্তরিত করতে সহায়তা প্রদান।
(৬) অফিস ব্যবস্থাপনায় আধুনিকায়ন, দপ্তরিক সেবার মান বৃদ্ধিকরণ।
(৭) কিশোর-কিশোরীদের সঠিক প্রশিক্ষণ ও পরিচর্যার মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করা।